



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সামুদ্রিক মৎস্য দপ্তর
সরকারী কার্য ভবন নং-১
আগ্রাবাদ, চট্টগ্রাম।

পত্র নং: ৩৩.০২.০০০০.২০২.৪৯.০৬৬.১৫৯.২২১

তারিখ: ৩০/১১/২০২১ খ্রি.

বিষয়: বাণিজ্যিক ট্রলারের অনুকূলে ২০২২ সালের জন্য ফিশিং লাইসেন্স নবায়ন করণ প্রসঙ্গে।

সূত্র : অত্র দপ্তরের পত্র নং: ৩৩.০২.০০০০.২০২.৪৯.০৬৬.১৫.৮৯৬, তারিখ: ১১/১১/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের সামুদ্রিক জলসীমায় মৎস্য আহরণে নিয়োজিত সকল বাণিজ্যিক মৎস্য ও চিংড়ি ট্রলারের ২০২১ সালের লাইসেন্স এর মেয়াদ ৩১ ডিসেম্বর ২০২১ খ্রি. উত্তীর্ণ হবে। এ সকল বাণিজ্যিক ট্রলারের অনুকূলে সরকার কর্তৃক নির্ধারিত ফিশিং লাইসেন্স ফি (কোড নং ১-৪৪৩১-০০০০-১৮৫৪) এবং ফি এর ওপর ১৫% ভ্যাট বাবদ (কোড নং ১-১১৩৩-০০২৫ - ০৩১১) সমুদয় অর্থ ট্রেজারী চালানোর মাধ্যমে পরিশোধ সাপেক্ষে ২০২২ সালের ফিশিং লাইসেন্স নবায়ন করা আবশ্যিক। অন্যথায় উক্ত ট্রলার সমূহকে ৩১ ডিসেম্বর ২০২১ খ্রি. তারিখের পর সমুদ্র যাত্রার অনুমতি প্রদান করা সম্ভব হবে না।

এমতাবস্থায়, আপনার সংস্থার নিয়ন্ত্রণাধীন বাণিজ্যিক ট্রলার/ ট্রলারসমূহের অনুকূলে রেজিস্ট্রেশন এর কপি, নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে ট্রেজারী চালানোর মূল কপিসহ সামুদ্রিক মৎস্য দপ্তরের নির্ধারিত আবেদন ফরম পূরণ পূর্বক বিগত ৩০ নভেম্বর ২০২১ খ্রি.তারিখের মধ্যে দাখিল করার জন্য সূত্রোক্ত পত্রে নির্দেশনা ছিল। উক্ত তারিখ এর পরিবর্তে সময়সীমা বর্ধিত করে আগামী ১৫/১২/২০২১ খ্রি. মধ্যে ফিশিং লাইসেন্স নবায়নের আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

(ড. মোঃ শরীফ উদ্দিন)
পরিচালক (সামুদ্রিক)
সামুদ্রিক মৎস্য দপ্তর
আগ্রাবাদ, চট্টগ্রাম।
ফোন-০৩১-৭২১৭৩১

e-mail: directormarine@fisheries.gov.bd

চেয়ারম্যান/ম্যানেজিং ডিরেক্টর

.....
.....
.....
.....

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। বাংলাদেশ মেরিন ফিশারিজ এসোসিয়েশন, ৯১, সাতার চেম্বার, বা/এ, আগ্রাবাদ, চট্টগ্রাম।
- ৪। বাংলাদেশ মেরিন হোয়াইট ফিশ ট্রলারস ওনার্স এসোসিয়েশন, ৭৫৭/৭৭৭, ফিশারী ঘাট, ইকবাল রোড, পাথরঘাটা, চট্টগ্রাম।
- ৫। সংশ্লিষ্ট নথি।